সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ১৯৭

৪০. রাসূল (ﷺ) এর ইবাদাত (باب ما جاء في عبادة النبي ﷺ)

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ ، عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ . ح وَحَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مُوسَى الأَنْصَارِيُّ ، قَالَ : حَدَّثَنَا مَعْنٌ ، عَنْ مَالِكٍ ، عَنْ مَخْرَمَةَ بْنِ سُلَيْمَانَ ، عَنْ كُرَيْبٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ، أَنَّهُ أَخْبَرَهُ , أَنَّهُ بَاتَ عِنْدَ مَيْمُونَةَ وَهِيَ خَالَتُهُ ، قَالَ : " فَاضْطَجَعْتُ فِي عَرْضِ الْوِسَادَةِ ، وَاضْطَجَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي طُولِهَا ، فَنَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , حَتَّى إِذَا انْتَصَفَ اللَّيْلُ أَوْ قَبْلَهُ بِقَلِيلٍ أَوْ بَعْدَهُ بِقَلِيلٍ ، فَاسْتَيْقَظَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , فَجَعَلَ يَمْسَحُ النَّوْمَ عَنْ وَجْهِهِ ، ثُمَّ قَرَأَ الْعَشْرَ الآيَاتِ الْخَوَاتِيمَ مِنْ سُورَةِ آلِ عِمْرَانَ ، ثُمَّ قَامَ إِلَى شَنٍّ مُعَلَّقٍ فَتَوَضَّأَ مِنْهَا ، فَأَحْسَنَ الْوُضُوءَ ، ثُمَّ قَامَ يُصَلِّي " ، قَالَ عَبْدُ اللَّهِ بْنُ عَبَّاسٍ : " فَقُمْتُ إِلَى جَنْبِهِ فَوَضَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , يَدَهُ الْيُمْنَى عَلَى رَأْسِي ثُمَّ أَخَذَ بِأُذُنِي الْيُمْنَى , فَفَتَلَهَا فَصَلَّى رَكْعَتَيْنِ ، ثُمَّ رَكْعَتَيْنِ ، ثُمَّ رَكْعَتَيْنِ ، ثُمَّ رَكْعَتَيْنِ ، ثُمَّ رَكْعَتَيْنِ ، ثُمَّ رَكْعَتَيْنِ ، قَالَ مَعْنٌ : سِتَّ مَرَّاتٍ ثُمَّ أَوْتَرَ ، ثُمَّ اضْطَجَعَ حَتَّى جَاءَهُ الْمُؤَذِّنُ , فَقَامَ فَصَلَّى رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ ، ثُمَّ خَرَجَ فَصَلَّى الصُّبْحَ " .

বাংলা

তিনি রাতের শেষ অর্ধাংশেও সালাত আদায় করতেন:

১৯৭. ইবনে আব্বাস (আঃ) হতে বর্ণিত। একবার তিনি তাঁর খালা মায়মূনা (রাঃ)-এর গৃহে রাত্রিযাপন করেন। তিনি বলেন, তিনি মায়মূনা (রাঃ) এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বালিশের লম্বা দিকে ঘুমান আর আমি প্রস্থের দিকে ঘুমাই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অর্ধ রাত কিংবা তাঁর কিছুক্ষণ পূর্ব পর্যন্ত ঘুমালেন। তারপর তিনি জাগ্রত হন এবং মুখমণ্ডল মুছে ঘুমের জড়তা দূর করেন। তারপর তিনি সূরা আলে ইমরানের শেষ ১০ আয়াত তিলাওয়াত করেন। এরপর তিনি ঝুলন্ত পানির মশকের কাছে যান এবং উত্তমরূপে ওযু করেন। এরপর সালাতে দাঁড়ান।

আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) বলেন, আমি তাঁর পার্শ্বে দাড়ালাম। তিনি আমার মাথার উপর ডান হাত রাখলেন, এরপর তিনি আমার ডান কান ধরে একটু মললেন (এতে আমি তাঁর ডান পাশে এসে দাড়ালাম)। অতঃপর ২ রাক’আত সালাত আদায় করলেন, তারপর ২ রাক’আত সালাত আদায় করলেন, তারপর ২ রাক’আত সালাত আদায় করলেন, তারপর ২ রাক’আত সালাত আদায় করলেন, তারপর ২ রাক’আত সালাত আদায় করলেন, তারপর ২ রাক’আত সালাত আদায় করলেন। মানের বর্ণনা মতে তিনি ২ রাক’আত করে ৬ বার (১২ রাক’আত) সালাত আদায় করেন। এরপর বিতর সালাত আদায় করেন। এরপর আরাম করেন।

এরপর তাঁর কাছে মুয়াযযিন এল। তখন তিনি সংক্ষেপে ২ রাক’আত সালাত আদায় করেন। এরপর মসজিদের উদ্দেশে বের হন এবং ফজরের সালাত আদায় করেন।[1]

English

Ibn 'Abbaas Radiyallahu 'Anhu reports that he once slept at the house of his aunt Maymunah (during his childhood). She slept on the width of the cushion and Rasulullah Sallallahu 'Alayhi Wasallarn slept on the length of the cushion. (Qaadi 'Iyaad and others have translated pillow as a bed. When the original word means pillow and it is possible to use it in such a manner, it is not necessary to translate it as a bed. For instance, Sayyidina Rasulullah Saliallahu 'Alayhi Wasallam must have slept on the length of the pillow facing the qiblah, and Sayyidina Ibn 'Abbaas Radiyallahu 'Anhu on the breadth of it, putting his head on the qiblah side). Rasulullah Sallallahu 'Alayhi Wasallam (after having a little conversation with his wife) slept till the middle of the night, or till a little before that. Rasulullah Sallallahu 'Alayhi Wasallam then awakened and began wiping off the signs of sleep from his face. He then recited the last ten aayaat of Surah Aali 'Imraan (Inna fi khalqis samaawaati wal ard). (The 'ulama say a little of the Qur-aan should be recited after awakening, as this creates strength and it is mustahab to recite these aayaat). He got up and went to a leather bag that was hanging and (took water in a utensil from it) performed wudu from it. He then commenced his salaah. 'Abdullah bin 'Abbaas Radiyallahu 'Anhu says: 'I also got up (performed wudu) and stood next to-him (on his left). Rasulullah Sallallahu 'Alayhi Wasallam put his right hand on my head and caught my ear and twisted it (A muqtadi should stand on the right side of an Imaam. The ear was twisted to remind him. In one narration it is stated that, I began to sleep, so Sayyidina Rasulullah Sallallahu 'Alayhi Wasallam caught my ear. In another narration it is stated he caught my ear and pulled me to his right side, so that I might stand on the right according to the sunnah). He performed two rak'ahs, then two rak'ahs, then two rak'ahs, then two, rak'ahs, then two rak'ahs, then two rak'ahs. Ma'n (a narrator of this hadith) says Rasulullah Sallallahu'Alayhi Wasallam recited

two two rak'ahs six times (the total of twelve rak'ahs. Mulla 'Ali Qaari has written that according to the madh-hab of Imaam Aa'zam Abu Hanifah, in tahajjud prayers there are twelve rak'ahs). He then performed the witr salaah and slept. When the mu-adh-dhin (Sayyidina Bilaal Radiyallahu'Anhu) came to him, he got up and recited two short rak'ahs and went for the fajr salaah.

ফুটনোট

[1] মুয়াত্তা মালেক, হা/২৬৫; সহীহ বুখারী, হা/১৮৩; সহীহ মুসলিম, হা/১৮২৫; আবু দাউদ, হা/১৩৬৯; মুসনাদে আহমাদ, হা/২১৬৪; ইবনে খুযাইমা, হা/১৬৭৫।

ব্যাখ্যা

আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) ওযু করে রাসূলুল্লাহ (সাঃ) এর বাম পার্শ্বে দাঁড়ালেন। অথচ নিয়ম হলো মুক্তাদী একা হলে ইমামের ডানে দাঁড়াবে। এজন্য রাসূলুল্লাহ (সাঃ) কান ধরে তাকে ডান দিকে দাঁড় করিয়ে দিলেন। রাসূলুল্লাহ (সাঃ) বিভিন্ন সময় বিভিন্ন সংখ্যায় তাহাজ্জুদের নামায আদায় করেছেন। সময় হিসেবে কখনো বেশি পড়েছেন। আবার কখনো কম পড়েছেন। তবে ১৩ রাক'আতের বেশি হয়নি, যা বিভিন্ন হাদীস থেকে জানা যায়।

It is stated that Sayyidina Rasulullah Sallallahu 'Alayhi Wasallam performed different amounts of rak'ahs in tahajjud. These are according to different times. If there was time he performed more rak'ahs, otherwise less rak'ahs were performed. There are no specified amount of rak'ahs for tahajjud. Many a time Sayyidina Rasulullah Sallallahu 'Alayhi Wasallam performed less rak'ahs, although there was time to Perform more rak'ahs. He certainly recited lengthy portions from the Qur-aan, as is mentioned in the different ahaadith in this chapter.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=49111

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন